

## সার্ক সম্মেলন প্রস্তুতি নিয়ে আলোচনা

কুর্নৈতিক রিপোর্টের

দক্ষিণ এশিয়া আঞ্চলিক সহযোগিতা সংস্থা (সার্ক) দেশগুলোর ঢাকায় নিম্নলিখিত রট্রিদুতদের সঙ্গে মঙ্গলবার পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাক্ষাৎকালে পররাষ্ট্র সচিব হেমায়েত উদ্দিনের এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে সার্ক সম্মেলনের প্রস্তুতির বিষয়ে আলোচনা হয়।

সাত-ছাড়ির সার্ক শীর্ষ সম্মেলন এ পর্যন্ত দু'নফা স্থগিত হয়েছে। প্রথমে এশিয়ায় সুনামির কারণে এ সম্মেলন স্থগিত হয়। পরে বাংলাদেশের নিরাপত্তা পরিস্থিতি ও নেপালের রাজনৈতিক পরিস্থিতির কারণে যেক্ষেত্রিতে ভারতের প্রধানমন্ত্রী জ. মনমোহন সিং সার্ক সম্মেলনে যোগদানে অস্বীকার করার ১৩তম সার্ক শীর্ষ সম্মেলন তৃতীয় দফায় স্থগিত হয়।

ঢাকায় মালদ্বীপের কোন দু'জাবাস না থাকার কারণে এই সদস্য দেশে বাদে সার্কের অপর দেশগুলোর রট্রিদুত কিংবা রট্রিদুতের প্রতিনিধি বৈঠকে যোগদান করেন। বৈঠক শেষে পররাষ্ট্র সচিব হেমায়েত উদ্দিন সাংবাদিকদের জানান, আগামী ১২ ও ১৩ নভেম্বর ঢাকায় সার্ক শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হবে। তার আগে সার্ক পররাষ্ট্রমন্ত্রী ও কর্মকর্তা পর্যায়ে বৈঠক হবে। রট্রিদুতদের আসার সম্মেলনের ব্যাপারে প্রস্তুতি, বিশেষ করে নিরাপত্তা, কর্মসূচি এবং অন্যান্য আনুষঙ্গিক প্রস্তুতির ব্যাপারে অবহিত করা হয়। তারা নিজ দেশকে তা জানাবেন।

সার্ক শীর্ষ সম্মেলনের প্রস্তুতি এখন জোরের সঙ্গেই শুরু হয়েছে। সম্মেলনে যেসব অতিথি আসবেন, তাদের মধ্যে ডিডিআইপি অতিথিরা শেরটনে হোটলে অবস্থান করবেন। হোটেল সেনারপীও-এ মিডিয়া সেন্টার খোলা হবে। গ্রায় আড়াইশ বিদেশী সাংবাদিক এই শীর্ষ সম্মেলন কভার করবেন বলে আশা করা হচ্ছে।

সার্ক সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠান হবে বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে এবং সমাপনী অনুষ্ঠান হবে প্রধানমন্ত্রীর দফতরে অবস্থিত আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে। সম্মেলনের তৃতীয় দিনে রট্রীয় অতিথি ভবন মনুয়ায় শীর্ষ নেতারা অবকাশ হাশন করবেন। বাংলাদেশ, ভারত, পাকিস্তান, শ্রীলংকা, নেপাল, ভুটান ও মালদ্বীপ সার্কের সদস্য।